



**গোপালগঞ্জে বঙ্গবন্ধু শেখ মুজিবুর  
রহমান ভাসিটি বন্ধের  
প্রতিবাদে প্রতীক গণঅনশন**

গোপালগঞ্জ, ১১ এপ্রিল, নিজস্ব সংবাদদাতা ॥  
বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি  
বিশ্ববিদ্যালয় বন্ধ করে দেয়ার প্রতিবাদে বৃহস্পতিবার  
স্থানীয় পৌরপার্কে এক প্রতীক গণঅনশন কর্মসূচী  
পালিত হয়। জেলা ওয়ার্কার্স পার্টির উদ্যোগে সকাল  
৯টা থেকে বিকাল ৪টা পর্যন্ত এ কর্মসূচী পালন করা  
হয়। এ ছাড়া জেলা ওয়ার্কার্স পার্টি শিক্ষা মন্ত্রণালয়  
বরাবর একটি স্মারকলিপি জেলা প্রশাসকের মাধ্যমে  
প্রেরণ করে।